# ইরান সরকারকে পতন ঘটাতে অবকাঠামোতে হামলার ভাবনা যুক্তরাষ্ট্রের



আয়াতুল্লাহ আল খামেনি। ছবি: সংগৃহীত

ইরানের ইসলামিক প্রজাতন্ত্রের ওপর চাপ বাড়াতে যুক্তরাষ্ট্র বিভিন্ন বিকল্প পরিকল্পনা বিবেচনা করছে। এর মধ্যে দেশটির সরকারি অবকাঠামো ও গুরুত্বপূর্ণ ভবন লক্ষ্য করে হামলার সম্ভাবনাও আলোচনায় রয়েছে এমনটাই বলেছেন অনিচ্ছুক এক মার্কিন কর্মকর্তা।

বার্তা সংস্থা রয়টার্সের এক প্রতিবেদনে ওই কর্মকর্তা বলেন, মধ্যপ্রাচ্যে নতুন করে একটি মিসাইল প্রতিরক্ষা সক্ষমতাসম্পন্ন যুদ্ধজাহাজ পাঠানো হয়েছে। ফলে সেখানে এখন মার্কিন নৌবাহিনীর ছয়টি মিসাইল ধ্বংসকারী জাহাজ মোতায়েন আছে। পাশাপাশি রণতরী ইউএসএস আব্রাহাম লিংকনও অবস্থান করছে, যা অঞ্চলজুড়ে সামরিক উপস্থিতি জোরদারের ইঙ্গিত দেয়।

রয়টার্সের একাধিক সূত্রের ভাষ্য অনুযায়ী, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানকে চাপে রাখতে এমন পদক্ষেপের কথা ভাবছেন, যা দেশটির নিরাপত্তা বাহিনী ও প্রশাসনিক কাঠামোকে দুর্বল করতে পারে। উদ্দেশ্য হলো এমন পরিস্থিতি তৈরি করা, যাতে রাজনৈতিক অস্থিরতা বাড়ে।

গত মাসে ইরানে সরকারবিরোধী বিক্ষোভ সহিংসতায় রূপ নেয় এবং বহু মানুষের প্রাণহানি ঘটে। সেই প্রেক্ষাপটে বিক্ষোভ দমনে ব্যবহৃত অবকাঠামো, সংশ্লিষ্ট কমান্ডারদের ভূমিকা, এমনকি মিসাইল ও পারমাণবিক স্থাপনাগুলোকেও সম্ভাব্য লক্ষ্য হিসেবে আলোচনায় আনা হয়েছে। তবে এসব বিষয়ে এখনো চূড়ান্ত কোনো সিদ্ধান্ত হয়নি।

সূত্র: রয়টার্স